দুর্গাপুরে খেজুর গুড় উৎপাদনকারী ও ব্যবসায়ীদের সঙ্গে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে

দুর্গাপুর প্রতিনিধি- রাজশাহীর দুর্গাপুরে খেজুর গুড় উৎপাদনকারী ও ব্যবসায়ীদের সাথে উপজেলা প্রশাসনের আয়োজনে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

১২ ডিসেম্বর (বৃহস্পতিবার) বেলা ১২ টার দিকে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে বিভিন্ন এলাকার প্রান্তিক খেজুর গুড় উৎপাদনকারী চাষি ও ব্যবসায়ীদেরকে নিয়ে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সাবরিনা শারমিন এর সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ জান্নাতুল ফেরদৌস, উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ তাজুল ইসলাম, অতিরিক্ত কৃষি কর্মকর্তা ফরিদ হোসাইন, উপজেলা স্যানিটারি কর্মকর্তা আবুল খায়ের মোহাম্মদ সামছুদ্দিন পৌর জামায়াতের আমীর মাওলানা রফিকুল ইসলাম সহ বিভিন্ন এলাকার খেজুর গুড় উৎপাদনকারী চাষি ও ব্যবসায়ী প্রমূখ উপস্থিত ছিলেন।
উক্ত সভায় স্যানিটারি অফিসার আবুল খায়ের মোহাম্মদ সামছুদ্দিন বলেন, খেজুর রস থেকে যেহেতু নিপা ভাইরাস ছোড়ায় সেহেতু এই খেলে নিপা ভাইরাসে আক্রান্ত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে। তাই আমরা খেজুরের রস সরাসরি খাওয়া থেকে বিরত থাকবো।

উপজেলা নির্বাহী অফিসার সাবরিনা শারমিন খেজুর গুড় উৎপাদনকারী চাষিদের উদ্দেশ্যে বলেন, আপনারা খেজুর গুড়ে অন্য কোনো উপ-দ্রব্য ব্যবহার করবেন না। যেহেতু ভেজাল দ্রাব্যের উপরে দন্ড দেওয়ার আইনের বিধান রয়েছে সেহেতু আপনারা গুড়ে ভেজাল কিছু মিশ্রিত করবেন না। চেষ্টা করবেন ভেজাল মুক্ত রাখার।

এছাড়াও বক্তারা, খেজুর গুড়ের ঐতিহ্য এবং বর্তমানে ভেজাল গুরু সয়লাব নিয়ে বিস্তৃত আলোচনা করেন। গ্রামীন অর্থনীতিতে খেজুর গুড়ের গুরুত্ব আরোপ করেন। ভেজালমুক্ত গুড় উৎপাদনে সকলকে একসঙ্গে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন বক্তারা।